



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

১৯ ডিসেম্বর ২০২৩

বাউবির নতুন ওয়েবসাইট উদ্বোধন

দেশের একমাত্র উন্মুক্ত ও দূরশিক্ষণ বিশ্ববিদ্যালয় বাউবিকে উদীষ্ট জনগোষ্ঠীর কাছে নতুন রূপে নতুন আঙ্গিকে তুলে ধরার প্রত্যয় নিয়ে বাউবির নতুন ওয়েবসাইট উন্মোচন করা হয়েছে। বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে ১৮ ডিসেম্বর ২০২৩ সোমবার সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে নতুন ওয়েবসাইট উদ্বোধন করেন।

নতুন ওয়েবসাইট উদ্বোধন করে উপাচার্য তাঁর বক্তব্যে শিক্ষার মহাসোপানে থাকা শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় গুলোর ওয়েব সাইটের তথ্য তুলে ধরে বাউবির ওয়েবসাইট নতুনভাবে করার প্রাসঙ্গিকতা ব্যক্ত করেন। এলক্ষ্যে তিনি বাউবির ওয়েবসাইটে একাডেমিক প্রোফাইল, একাডেমিক কার্যক্রম ও প্রাতিষ্ঠানিক তথ্য সবসময়ে হালনাগাদ করার বিষয়টিতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সংযুক্ত থাকার উদাত্ত আহ্বান জানান। একই সাথে সবাইকে নতুন বছরের শুরুতে নতুন উদ্যমে কাজ করে স্মার্ট বাউবি গড়ে তোলারও আহ্বান জানান।

বাউবির নতুন ওয়েবসাইটে নতুন ধারায় তথ্য উপাত্ত সমৃদ্ধ করে আন্তর্জাতিক মানের ও যুগোপযোগী করে তৈরি করা হয়েছে। এই ওয়েবসাইট ব্যবহারের মাধ্যমে বিশ্বের যেকোনো প্রান্ত থেকে শিক্ষার্থী এবং স্টেকহোল্ডারগণ সহজে তাদের কাঙ্ক্ষিত তথ্য পেতে সক্ষম হবেন। এতে বাউবির যাবতীয় কর্মকাণ্ড প্রতিফলিত হবে। স্মার্ট বাংলাদেশ, রূপকল্প ২০৪১ ও ডেল্টাপ্লান বাস্তবায়নে পরিকল্পনাকে সামনে রেখেই বাউবি কাজ করে যাচ্ছে এবং সরকারের ডিজিটাল শিক্ষা বাস্তবায়ন ও শিক্ষার মানোন্নয়নে বাউবি অনন্য ভূমিকা পালন করে চলেছে।



বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের সার্বিক তত্ত্বাবধানে ও নির্দেশনায় কম্পিউটার বিভাগের মাধ্যমে ডাইনামিক এবং থিমটিক করে এ ওয়েবসাইট তৈরি করা হয়েছে। উন্নতমানের সার্চ ইঞ্জিন ব্যবহার করায় যে কোন ব্যক্তি এই ওয়েবসাইটের হোমপেজ পরিদর্শনের মাধ্যমে এক নজরে স্বল্প সময়ে প্রশাসনিক ও একাডেমিক তথ্যসহ সার্বিক শিক্ষা কার্যক্রমের পরিপূর্ণ তথ্য খুঁজে পাবেন। বাউবির অনলাইন ভর্তি কার্যক্রমকে এই ওয়েবসাইটের সাথে সরাসরি এপিআই কানেক্টিভিটি এর মাধ্যমে সংযুক্ত করায় শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সহজ ও গতিশীল হবে। এছাড়াও ওয়েবসাইটটিতে নতুনভাবে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের আলাদা আলাদা ওয়েবপেজ তৈরি করা হয়েছে। ওয়েবসাইট উদ্বোধন অনুষ্ঠানে বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলমসহ বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। ওয়েবসাইটের উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কম্পিউটার বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মাসুম বিল্লাহ।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)